

# নওয়াপাড়া পৌরসভা


অভয়নগর, যশোর।

## নওয়াপাড়া পৌরসভা শিক্ষাবৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি

নওয়াপাড়া পৌরসভা কর্তৃক ২০২২-২০২৩ অর্থ বছরে মাসিক ভিত্তিতে শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যে শুধুমাত্র ২০২৩ সালে অনুষ্ঠিত সরকারী মেডিকেল কলেজ/সরকারী ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ১ম বর্ষে অধ্যয়নরত মেধাবী ছাত্র/ছাত্রীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নওয়াপাড়া পৌরসভার নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আবেদন ফরম নওয়াপাড়া পৌরসভা হতে অথবা [www.nowaparapourashava.gov.bd](http://www.nowaparapourashava.gov.bd) ওয়েবসাইট হতে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।

### শর্তাবলী

- ১। আবেদনকারী-কে ২০২৩ সালে অনুষ্ঠিত যে কোন সরকারী মেডিকেল কলেজ/ সরকারী ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ১ম বর্ষে অধ্যয়নরত হতে হবে।
- ২। শিক্ষাবৃত্তিটি ১ম বর্ষের জন্য প্রযোজ্য হবে।
- ৩। আবেদনপত্রে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের সুপারিশ থাকতে হবে।
- ৪। আবেদনকারী-কে অবশ্যই অভয়নগর উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে এবং আবেদন পত্রের সাথে স্থায়ী নাগরিক সনদ সংযুক্ত করতে হবে।
- ৫। আবেদনপত্রের সাথে এইচ,এস,সি পরীক্ষার মার্কশীট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত কপি এবং সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান অথবা ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- ৬। যে সব ছাত্র/ছাত্রী সরকারী বৃত্তি ব্যতীত অন্য কোন উৎস থেকে বৃত্তি পাচ্ছেন, তারা নওয়াপাড়া পৌরসভার শিক্ষাবৃত্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।
- ৭। দরিদ্র ও মেধাবী ছাত্র/ছাত্রীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
- ৮। সরাসরি অথবা ডাকযোগে অথবা ইমেল ([nowaparapou.sb@gmail.com](mailto:nowaparapou.sb@gmail.com)) এর মাধ্যমে ২৩/১০/২০২৩ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ৯। অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গন্য হবে এবং বৃত্তি প্রদানের ক্ষেত্রে নওয়াপাড়া পৌরসভা শিক্ষাবৃত্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।



(তরফদার গোলাম মোস্তফা)

আহবায়ক

নওয়াপাড়া পৌরসভা শিক্ষাবৃত্তি প্রদান কমিটি  
অভয়নগর, যশোর।


স্মারক নং- নপৌ/প্রঃবিঃ/সাধাঃ-১/ ২০২৩/ ৪৯৪(১০০)

তারিখ : ০৯/১০/২০২৩ইং।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ০৩। জেলা প্রশাসক, যশোর।

- ০৪। চেয়ারম্যান, অভয়নগর উপজেলা পরিষদ, অভয়নগর, যশোর।
- ০৫। মেয়র, নওয়াপাড়া পৌরসভা, অভয়নগর, যশোর।
- ০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, যশোর।
- ০৭। পুলিশ সুপার, যশোর।
- ০৮। মেয়র, যশোর/কেশবপুর/বেনাপোল পৌরসভা, যশোর।
- ০৯। উপ-পরিচালক, স্থানীয় সরকার, যশোর।
- ১০। মেয়র, মনিরামপুর/বিকরগাছা/চৌগাছা/বাঘারপাড়া পৌরসভা, যশোর।
- ১১। নির্বাহী প্রকৌশলী, গনপূর্ত বিভাগ, যশোর।
- ১২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, অভয়নগর, যশোর।
- ১৩। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, যশোর।
- ১৪। প্রধান নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), নওয়াপাড়া পৌরসভা, অভয়নগর, যশোর।
- ১৫। সহকারী কমিশনার (ভূমি), অভয়নগর, যশোর।
- ১৬। অধ্যক্ষ, নওয়াপাড়া সরকারী কলেজ, অভয়নগর, যশোর।
- ১৭। পৌর নির্বাহী কর্মকর্তা/নির্বাহী প্রকৌশলী, নওয়াপাড়া পৌরসভা, অভয়নগর, যশোর।
- ১৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, অভয়নগর থানা, অভয়নগর, যশোর।
- ১৯। অধ্যক্ষ, -----, অভয়নগর, যশোর।
- ২০। জনাব-----কাউন্সিলর, নওয়াপাড়া পৌরসভা, অভয়নগর, যশোর।
- ২১। উপজেলা-----কর্মকর্তা, অভয়নগর, যশোর।
- ২২। চেয়ারম্যান, -----ই উ পি, অভয়নগর, যশোর।
- ২৩। সম্পাদক, -----কে  
বিজ্ঞপ্তিটি সংক্ষিপ্ত আকারে ০১(এক) দিনের জন্য আপনার পত্রিকায় প্রকাশের নিমিত্ত অনুরোধ জানানো হলো।
- ২৪। সভাপতি / সম্পাদক, নওয়াপাড়া/অভয়নগর প্রেস ক্লাব, অভয়নগর, যশোর।
- ২৫। সভাপতি / সম্পাদক, নওয়াপাড়া বাজার কমিটি, অভয়নগর, যশোর।
- ২৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, নওয়াপাড়া পৌরসভা, অভয়নগর, যশোর।
- ২৭। নোটিশ বোর্ড।
- ২৮। সংশ্লিষ্ট নথী।



আহবায়ক

নওয়াপাড়া পৌরসভা শিক্ষাবৃত্তি প্রদান কমিটি  
অভয়নগর, যশোর।